# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৯৫

১/ বিবিধ

আরবী

من قرأ قل هو الله أحد مئتي مرة غفرت له ذنوب مئتي سنة

منكر

رواه ابن الضريس في " فضائل القرآن " (3 / 113 / 1) والخطيب (6 / 187) وابن بشران (ج 12 ق 62 وجه 1) والبيهقي في " الشعب " (1 / 2 / 35 / 1 ـ 2) من طريق الحسن بن أبي جعفر الجعفري حدثنا ثابت البناني عن أنس بن مالك مرفوعا
وهذا سند ضعيف جدا الحسن بن جعفر الجعفري قال الذهبي: ضعفه أحمد والنسائي، وقال البخاري والفلاس: منكر الحديث، ومن بلاياه هذا الحديث
قلت: إلا أنه لم يتفرد به فقال السيوطي في " اللآليء " (1 / 239) : أخرجه ابن الضريس في " فضائل القرآن " والبيهقي في " شعب الإيمان " من طريق الحسن بن أبي جعفر به، وأخرجه البزار من طريق الأغلب بن تميم عن ثابت عن أنس، وقال: لا نعلم رواه عن ثابت إلا الحسن بن أبي جعفر والأغلب وهما متقاربان في سوء الحفظ، وأخرجه ابن الضريس والبيهقي من طريق صالح المري عن ثابت عن أنس
قلت: وصالح هذا هو ابن بشير الزاهد، قال البخاري والفلاس أيضا: منكر الحديث
والخلاصة أن هذه الطرق الثلاث شديدة الضعف فلا ينجبر بها ضعف الحديث، على أن معناه مستنكر عندي جدا لما فيه من المبالغة، وإن كان فضل الله تعالى لا حد له والله أعلم

تنبيه: لم أر الحديث في " كشف الأستار "، ولا في " مجمع الزوائد "، والله أعلم

বাংলা

২৯৫। যে ব্যক্তি কুল-হু আল্লাহু আহাদ সূরা দু’শত বার পাঠ করবে, তার দু’শত বছরের গুনাহ ক্ষমা করে দেয়া হয়ে।

হাদীসটি মুনকার।

এটি ইবনু যুরায়েস "ফাযায়েলুল কুরআন" গ্রন্থে (৩/১১৩/১), খাতীব বাগদাদী (৬/১৮৭), ইবনু বিশরান (১২/৬২) ও বাইহাকী “আশ-শু’য়াব” গ্রন্থে (১/২/৩৫/১-২) হাসান ইবনু আবী জাফার আল-জাফারী সূত্রে সাবেত আল-বুনানী হতে ... বর্ণনা করেছেন। এটির সনদ নিতান্তই দুর্বল।

হাসান ইবনু জাফার সম্পর্কে যাহাবী বলেনঃ তাকে ইমাম আহমাদ ও নাসাঈ দুর্বল আখ্যা দিয়েছেন। বুখারী এবং ফাল্লাস তাকে মুনকারুল হাদীস বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ কিন্তু তিনি এককভাবে এটি বর্ণনা করেননি। সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (১/২৩৯) বলেছেনঃ বাযযার সাবেত হতে আগলাব ইবনু তামীম সূত্রে বর্ণনা করেছেন। মুখস্থ বিদ্যায় ক্রটির দিক দিয়ে তিনি হাসানের ন্যায়। ইবনু যুরায়েস ও বাইহাকী সাবেত হতে সালেহ্ আল-মিরর সূত্রে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সালেহ্ হচ্ছেন ইবনু বাশীর আয-যাহেদ। তার সম্পর্কে ইমাম বুখারী ও ফাল্লাস বলেনঃ তিনি মুনকারুল হাদীস। মোটকথা হাদীসটি তিনটি সূত্রেই অত্যন্ত দুর্বল। একটি দ্বারা অন্যটির দুর্বলতাকে দূর করার মত নয়। অর্থটিও আমার নিকট মুনকার, কারণ ফীলতের ক্ষেত্রে অতিরঞ্জিত করা হয়েছে।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5554

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন